

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
জাজিরা, শরীয়তপুর।
fisheries.zajira.shariatpur.gov.bd

পত্র নং-৩৩.০২.৮৬৯৪.৫০১.৪৪.০০১.১৮-০৮

তারিখ: ০৩/০৮/২০২৩ খ্রি.

কোটেশন বিজ্ঞপ্তি

দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প হতে ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জাজিরা, শরীয়তপুর এর পোনা মাছ অবমুক্তির নিমিত্ত নিম্নোক্ত শর্তে নির্ধারিত স্পেসিফিকেশন মোতাবেক প্রকৃত **ঠিকাদার /সরবরাহকারী/ পোনা মাছ ব্যবসায়ী/ নার্সারার** এর নিকট হতে নিজস্ব প্যাডে সিলগালাকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে। কোটেশন ০৩/০৮/২০২৩ খ্রিঃ হতে ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা মৎস্য কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর এর বরাবরে জমা প্রদান করা যাবে এবং ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় উপস্থিত পোনা মাছ ক্রয় ও কোটেশন মূল্যায়ন ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য এবং কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) কোটেশন খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন অবস্থাতেই আর কোন কোটেশন গ্রহণ ও খোলা হবে না। ক্রয় কমিটি যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলী:

১. স্পেসিফিকেশন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত উপকরণ সরবরাহ করতে হবে।
২. সরবরাহের জন্য জীবন্ত পোনা মাছ অবশ্যই ভালো মানের দিতে হবে।
৩. সিলগালাকৃত খামের উপরে সুস্পষ্ট অক্ষরে কোটেশন শব্দ লিখে তা উপজেলা মৎস্য দপ্তরের দরপত্র বক্সে দাখিল করতে হবে।
৪. কোটেশনে বর্ণিত প্রতি কেজি পোনা মাছের একক ও গড় মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ওভার রাইটিং করা যাবে না।
৫. উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর এর অনুকূলে উক্ত কাজের জামানত হিসেবে যে কোনো তফশীলি ব্যাংক হতে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) কোটেশনের সাথে দাখিল করতে হবে।
৬. পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করতে হবে।
৭. সর্বনিম্ন কোটেশন দাতাকে নিজ খরচে কার্যাদেশে বর্ণিত জলাশয়ে নির্ধারিত সময়ে, নির্ধারিত স্থানে পোনা মাছ সরবরাহ করতে হবে।
৮. পোনা মাছ সরবরাহ এবং হস্তান্তর কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে করতে হবে। কার্যাদেশে বর্ণিত তারিখের পরে কোন পোনা মাছ গ্রহণ করা হবে না। এর পাশাপাশি অন্য কোন নির্দেশনা থাকলে তাও মেনে চলতে হবে।
৯. ঠিকাদারের বিল হতে বিধি মোতাবেক ভ্যাট, আইটি কর্তন করা হবে।
১০. কোটেশন দাতাকে হালনাগাদ ট্রেড লাইসেন্স (জুন-২০২৩) সত্যায়িত ছায়াকপি দরপত্রের সাথে জমা দিতে হবে।
১১. পোনা মাছ বুঝিয়ে দেওয়ার পরে কোটেশন দাতাকে দুই প্রস্থ বিল দাখিল করতে হবে।
১২. দরপত্রের ব্যাপারে যাবতীয় সিদ্ধান্ত এর বিষয়ে উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(মো: রেজাউল শরীফ)
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
জাজিরা, শরীয়তপুর।

পত্র নং-৩৩.০২.৮৬৯৪.৫০১.৪৪.০০১.১৮-০৮/১(১২)

তারিখ: ০৩/০৮/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
২. জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর।
৫. উপজেলা কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।
৬. নোটিশ বোর্ড।
৭. অফিস কপি।



উপজেলা মৎস্য কর্মকর্তা
জাজিরা, শরীয়তপুর।

"কোটেশন দাখিল এর সিডিউল"

| ক্র. নং | মালামালের নাম | স্পেসিফিকেশন | প্রজাতির নাম | প্রতি কেজি পোনা মাছের একক দর (অংকে ও কথায়) | প্রতি কেজি পোনা মাছের গড় দর (অংকে ও কথায়) |
|---------|-----------------|--|--------------|---|---|
| ১ | জীবন্ত পোনা মাছ | ১. বুই জাতীয় মাছের পোনার সাইজ- ১০-১৩ সে.মি. ২. শিং ও কই-৪০০-৫০০ টিতে এক কেজি। (অবশ্যই সুস্থ-সবল পোনা মাছ হতে হবে) | বুই | | |
| | | | কাতলা | | |
| | | | মুগেল | | |
| | | | শিং | | |
| | | | কই | | |